

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১০০৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়য ও যে সব কাজ করা জায়য

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّهَا قَالَتْ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا أَحَدُكُمْ أَدَّكُمْ فِي صَلَاتِهِ فَلْيَأْخُذْ بِأَنْفِهِ ثُمَّ لِيَنْصَرِفْ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

১০০৭-[৩০] 'আয়িশাহ্ সিদ্দীকা (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ তোমাদের কেউ যখন সালাতে উযু (ওযু/ওজু/অজু) ভঙ্গ করে ফেলে সে যেন তার নাক চেপে ধরে তারপরে সালাত (সালাত/নামায/নামাজ) ছেড়ে চলে আসে। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] সহীহ : আবু দাউদ ১১৪, সহীহ আল জামি' ২৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلْيَأْخُذْ بِأَنْفِهِ) 'সে যেন তার নাক চেপে ধরে।'

এ হাদীস থেকে জানা যায় যা প্রকাশ করা ভাল নয় তা গোপন করাই মুস্তাহাব বা পছন্দনীয়। তবে তাতে মিথ্যার আশ্রয় নেয়া যাবে না।

ইমাম খাত্তাবী মা'আলিম গ্রন্থের ১ম খন্ডের ২৪৮ পৃঃ বলেনঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাযু নিঃসরণকারীকে নাকে ধরতে বলেছেন এজন্য যে, যাতে মানুষ মনে করে তার নাক দিয়ে রক্ত প্রবাহিত হচ্ছে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55566>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন